

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭

বৈশাখ ১২, ১৪২০

তারিখ :
এপ্রিল ২৫,

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক কার্যালয়ের নিরাপত্তা

সম্প্রতি সাভারের একটি বহুতল ভবন ধসে গিয়ে শতাধিক প্রাণের অকাল অবসানের ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক ও বেদনাদায়ক। উক্ত ভবনে একটি ব্যাংকের শাখা অবস্থিত ছিল। ব্যাংকের সমন্বিত ব্যবস্থা গ্রহণের ফলে কোন গ্রাহক বা ব্যাংক কর্মকর্তা-কর্মচারীর কোন তাৎক্ষণিক ক্ষয়ক্ষতি ঘটেনি। ভবিষ্যতে এ ধরনের আকস্মিক ঘটনার জন্য অধিকতর সতর্কতা এবং পূর্ব প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়। এ প্রেক্ষিতে ব্যাংকগুলোকে তাদের কার্যালয়ের স্থান নির্বাচনের পূর্বে ভবনের বিধিবদ্ধ অনুমোদনের বিষয়ে নিশ্চিত হওয়া ছাড়াও ব্যাংকের নিজস্ব প্রকৌশলী দল দ্বারা এর Structural Strength নিরূপণ এবং দুর্ঘটনা মোকাবেলা করার তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা সম্বলিত পূর্বপ্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

তাছাড়া ব্যাংকের কার্যালয়সমূহের নিরাপত্তা নিশ্চিতকরণ ও দুর্ঘটনা মোকাবেলা করার পূর্বপ্রস্তুতিমূলক সকল ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সময়ে সময়ে ব্যাংকের অভ্যন্তরীণ পরিদর্শন দল কর্তৃক (উপযুক্ত/দক্ষ প্রকৌশলী সমন্বয়ে গঠিত) পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার জন্যও পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ৪ ৯৫৩০০৯৪